২৫. গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর মানুষেরা যেন আপনাতে শান্তির সন্ধান পায়, ঈশ্বর। চলতে থাকা সশস্ত্র সংঘর্ষ সেই দেশের মানুষের মধ্যে ক্ষুধা, ব্যাধি, এবং উৎখাত নিয়ে আসছে। (যোহন ১৬:৩৩)

২৬. স্বর্গীয় পিতা, সেনেগলের মহিলারা যখন তাঁদের পরিবারের জীবনযাত্রার মানের উন্নতি করতে চাইছেন তখন দয়া করে তাঁদের কর্মসংস্থানের সুযোগ প্রদান করুন। (হিতোপদেশ ৩১:৩১)

২৭. হে প্রভু, আপনার ধন্যবাদ করি যে উত্তর নাইজেরিয়াতে যখন টি. ডব্লু. আর. এর আশাময়ী নারীর দল হেরাল্ড অফ হোপ সংস্থার সাথে এক সঙ্গে রেডিওর মাধ্যমে আপনার বাক্য প্রচার করে চলেছে। (উপদেশক ৪:৯)

২৮. স্বর্গীয় পিতা, গাবনের নেতাদের মনে কথা বলুন যেন তাঁরা তাঁদের দেশের প্রাকৃতিক সম্পদ বুদ্ধিমত্তার সাথে ব্যবহার করে যাতে দেশের নাগরিকদের সুবিধা হয়। (১করিন্থীয় ৪:২)

২৯. হে প্রভু, কোৎ দি-ওঁয়া'র টি. ডব্লু. আর. এর আশাময়ী নারীর দলকে সুযোগ করে দিন, যেন সেই দেশের রাজধানী ইয়ামোউশুক্রতে যে শ্রোতাবন্ধুরা আছেন, তাঁদের তাঁরা যথাযথ প্রশিক্ষণ দিতে পারেন। তাঁদের আত্মিক জীবন আরও গভীর করুন। (২ তীমথিয় ৩:১৬-১৭)

৩০. হে ঈশ্বর, লাইবেরিয়াতে টি. ডব্লু. আর. এর আশাময়ী নারীর সেবাকার্য্য যেন বজায় থাকে এবং উত্তরোত্তর বৃদ্ধি পেতে পারে, আর তার জন্য আর্থিক সাহায্য, প্রার্থনা এবং স্বেচ্ছাসেবক যেন তাঁরা পায়। (ফিলিপীয় ৪:১৯)

৩১. হে স্বর্গীয় পিতা, ২০২৪ সালের প্রথম দিকে কোৎ দি-ওঁয়া'তে CAN নামক যে আফ্রিকার ফুটবল টুর্নামেন্ট হবে তার জন্য সেখানকার রাস্তা ও বাজার থেকে অনেক দোকানদারদের উচ্ছেদ করা হয়েছে। তাঁরা যেন তাঁদের জিনিসপত্র বিক্রি করার অন্য কোনো স্থানের সন্ধান পান, এই প্রার্থনা করি। (হিতোপদেশ ১৬:৩)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

১। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত মহিলা বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

২। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৩। এই সময়ে বাংলাদেশে অনেক মানুষ ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে অনেকে মারা যাচ্ছে, প্রার্থনা করবেন যেন বাংলাদেশের মানুষ এই সময় যেন ঈশ্বরের উপর নির্ভর করে এবং এই জ্বর থেকে রক্ষা পায়।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ

후원안내


국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023. 12.**

## পশ্চিম ও মধ্য আফ্রিকার জন্য প্রার্থনা2

পশ্চিম আফ্রিকায় অবস্থিত একটি দেশ মালি, যেখানে খরা এবং গৃহযুদ্ধের কারণে বিধবা ও অনাথের সংখ্যা প্রতিদিন বাড়ছে। এমতাবস্থায় উইমেন অফ হোপ অনুষ্ঠান মালিতে ইতিবাচক প্রভাব বিস্তার করছে । অনুষ্ঠানটি দলগত জনসভায় আলোচনা করা হয়, এবং শুধুমাত্র পালকই নন, সরকারী নেতৃস্থানীয় ব্যক্তিরাও এই সভাগুলিতে অংশগ্রহণ করেন, এটি একটি শান্তিপূর্ণ দেশে রূপান্তরের ক্ষেত্রে অবদান রাখে।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১. স্বর্গীয় পিতা, নাইজেরিয়ার যে সমস্ত জায়গায় খ্রীষ্টবিশ্বাসীদের উপরে নির্যাতন করা হচ্ছে সেখানে সেই সমস্ত বিশ্বাসীদের রক্ষা করুন। যাঁরা বিপদের মধ্যে আছেন, তাঁদের শক্তিশালী করুন যেন তাঁরা তাঁদের বিশ্বাসে অটল থাকেন। (১ পিতর ৩:১৪)

২. ঈশ্বর প্রভু, আমরা প্রার্থনা করি যে গাবনের কর্তৃপক্ষ ও সরকারের সদস্যরা যেন সততা ও ন্যায়পরায়ণতার সাথে নেতৃত্ব দেন এবং শান্তি বজায় রাখেন। (১ তীমথিয় ২:১-২)

৩. স্বর্গীয় পিতা, কোৎ দি-ওঁয়া'র বিধবা ও তাঁদের সন্তানদের উপরে আপনি আপনার সমস্ত বিধান সিঞ্চন করুন। (গীতসংহিতা ৬৮:৫)

৪. হে ঈশ্বর, আমরা আপনার ধন্যবাদ করি যে লাইবেরিয়ার কত নিরক্ষর মহিলা, এখন মাসিক প্রার্থনা সভায় শাস্ত্র পাঠ করতে সক্ষম হচ্ছেন। (গীতসংহিতা ১১৯:১৮)

৫. হে প্রভু, সেনেগালে টি. ডব্লু. আর. এর আশাময়ী নারীর সদস্যরা যখন অনাথ আশ্রম ও কারাগারে প্রচার করেন তখন সেই দেশের মহিলাদের উৎসাহিত করুন যেন তাঁরা তাঁদের অংশীদার হন। (গীতসংহিতা ৬৮:৫-৬)

৬. হে ঈশ্বর, বেনীনে যারা জাদুবিদ্যা অভ্যাস করে, তারা যখন বিশ্বাসীরা যাতে তাঁদের বিশ্বাস পরিত্যাগ করার জন্য তাঁদের উপরে চাপ সৃষ্টি করে, তখন তাঁদের রক্ষা করুন। (লেবীয় পুস্তক ১৯:৩১)

৭. স্বর্গীয় পিতা, দয়া করে মালিতে আমাদের টি. ডব্লু. আর. এর আশাময়ী নারীর দলকে সমঝোতার বার্তা আনতে ব্যবহার করে চলুন, যাতে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে শান্তি বজায় থাকে। (২ করিন্থীয় ৫:১৮)

৮. হে ঈশ্বর, জঙ্গি গোষ্ঠীর হামলার দরুণ ক্যামেরুণের বহু মানুষ অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হয়ে পড়েছে এবং তাদের মানবিক সাহায্যের প্রয়োজন হচ্ছে। প্রার্থনা করি প্রভু যেন প্রয়োজন অনুসারে তাদের শান্তি ও সংস্থান প্রদান করেন। (গীতসংহিতা ২৩:১)

৯. গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর মানুষদের মধ্যে ইবোলা, হাম আর কলেরা ছড়িয়ে পড়েছে। প্রভু, সেই মানুষদের দয়া করে সুস্থ করে তুলুন। (গীতসংহিতা ৯১:৩)

১০. হে প্রভু, মধ্য আফ্রিকা প্রজাতন্ত্রতে যারা অপ্রাপ্তবয়স্কদের মধ্যে যারা বিয়ে দেওয়া প্রচলিত করছে, তাদের মধ্যে সাংস্কৃতিক পরিবর্তন নিয়ে আসুন। সেখানে ৬১% মেয়েদের ১৮ বছর বয়সের কমে এবং ২৬% মেয়েদের ১৫ বছর বয়স হওয়ার আগেই বিয়ে হয়ে যায়। (গীতসংহিতা ১৬:১)

১১. স্বর্গীয় পিতা, সিয়েরা লিয়নে যে সমস্ত ছেলে-মেয়েদের পুষ্টিকর খাদ্য ও স্বাস্থ্য পরিষেবার অভাব আছে তাদের সুস্থ করুন। এই অবস্থার উন্নতি করতে যারা ইচ্ছুক তাদের বুদ্ধি দিন। (দ্বিতীয় বিবরণ ১৫:১১)

১২. হে প্রভু, পশ্চিম ও মধ্য আফ্রিকার ফসলের উপর আশীর্বাদ করুন। প্রার্থনা করি খরা ও বন্যা যেন তাদের খাদ্য সরবরাহ নষ্ট না করে দেয়। এই দেশে যেন খাদ্যের নিরাপত্তা থাকে। (গীতসংহিতা ৭২:১৬)

১৩. হে ঈশ্বর, নাইজেরিয়ায় আমাদের দল যখন আশাহীনদের মাঝে আশা নিয়ে আসেন এবং গ্রামের মহিলাদের মধ্যে ঈশ্বরের প্রেমকে প্রচার করেন, তখন যেন তাঁরা প্রচুর ফলে ফলবান হন। (যোহন ১৫:১৬)

১৪. স্বর্গীয় পিতা, আমরা প্রার্থনা করি, পবিত্র আত্মা যেন গাবনের মন্ডলীর নেতৃবর্গকে বিচক্ষণতা দেন যাতে তাঁরা স্থানীয় মানুষদের মাঝে জ্যোতি, জীবন ও প্রত্যাশা নিয়ে আসেন। (ফিলিপীয় ১:৯)

১৫. লাইবেরিয়ার বহু মহিলা তাঁদের স্বামীদের দ্বারা ধর্ষিত হন এবং এমনকি মৃত্যুবরণও করে থাকেন। ঈশ্বর, এই মহিলাদের অত্যাচার থেকে রক্ষা করুন আর যে পুরুষরা তাঁদের ক্ষতি করে, তাদের মন পরিবর্তন করুন। (গীতসংহিতা ২৩:৪)

১৬. হে প্রভু, সেনেগলের গ্রামগুলিতে রেডিও আর মেমারি কার্ডের মাধ্যমে যাঁরা আশাময়ী নারীর অনুষ্ঠানগুলি শোনেন, তাঁদের মনে যেন দৃঢ়তা আসে। এই অনুষ্ঠান শুনে যেন তাঁদের বিশ্বাস আরও বৃদ্ধি পায়। (১ পিতর ২:২-৩)

১৭. স্বর্গীয় পিতা, আপনার বাক্য দ্বারা বেনীনের ঐতিহ্যবাহী নেতাদের মন পরিবর্তন করুন, এবং তাঁরা যেন তাঁদের নেতৃত্বাধীন মানুষদের দৃঢ় বিশ্বাস ও স্বাধীনতা আনতে সহায়ক হন। (তীমথিয় ২:১-৪)

১৮. বেনীনের জীবনযাত্রায় অত্যাধিক খরচ এবং দারিদ্রতা হচ্ছে গুরুতর সমস্যা। প্রভু, এই দেশের সাধারণ মানুষদের জীবনযাত্রার উন্নতির জন্য প্রয়োজনীয় আয় আনতে, দেশের নেতা এবং সৃজনশীল উদ্যোক্তাদের অনুপ্রাণিত করুন। (গীতসংহিতা ৯০:১৭)

১৯. হে ঈশ্বর, প্রার্থনা করি যেন নাইজেরিয়াতে প্রয়োজনীয় অর্থের তহবিল সুরক্ষিত হয় যাতে আশাময়ী নারীর অনুষ্ঠানগুলি ইগ্বো, নাইজেরীয় পিজ্যিন, হাওসা এবং ইয়েরব্বা ভাষায় অনুবাদ ও লক্ষ লক্ষ শ্রোতাদের কাছে সম্প্রচার করা যায়। (ইব্রীয় ১৩:২০-২১)

২০. হে প্রভু, মালিতে আমাদের দল, মা-মেয়েদের মধ্যে শান্তি স্থাপন এবং সেটা কি ভাবে বৃহত্তর সম্প্রদায়কে প্রভাবিত করে, সেই বিষয়কে লক্ষ্য রেখে একটা সম্মেলনের আয়োজন করতে পেরেছে, তার জন্য আমরা আপনার প্রশংসা করি। (ইব্রীয় ১২:১৪)

২১. স্বর্গীয় পিতা, প্রার্থনা করি গাবনের সেই সমস্ত মানুষদের জন্য যাঁরা আপনার থেকে বহু দূরে রয়েছে, যীশুর সাথে যেন তাঁদের সম্পর্ক স্থাপন হয়। (প্রেরিত ১৬:৩১)

২২. প্রভু, ক্যামেরুনে শিক্ষা বর্জন যেন বন্ধ হয়। যারা স্কুল এবং ছাত্র-ছাত্রীদের আক্রমণ করছে, তারা যেন আপনার সাক্ষাৎ পায় আর সত্যিকারের হৃদয়ের পরিবর্তনের অভিজ্ঞতা লাভ করে। (যিহিষ্কেল ৩৬:২৬)

২৩. কোৎ দি-ওঁয়া'র নারী ও সন্তানদের রক্ষা করুন পিতা। প্রার্থনা করি, অপহরণকারী ও যারা তাঁদের ক্ষতি করতে চায়, তারা যেন তাঁদের কাছে ঘেঁষতে না পারে। (২ থিষলনীকীয় ৩:৩)

২৪. পিতা, লাইবেরিয়াতে বিবাহ বিচ্ছেদ অতি সাধারণ বিষয়। সেখানকার দম্পতিরা যেন আপনার বাক্য অনুসরণ করে যেখানে বলা হয়েছে স্বামীরা তাদের স্ত্রীদের ভালোবাসবে এবং স্ত্রীরা তাদের স্বামীদের সম্মান করবে এবং তাদের বশীভূত হবে। (ইফিষীয় ৫:২২-২৫)